


কোচিং বন্ধের দাবি অভিভাবকদের

নিজস্ব প্রতিবেদক

১৩ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদেশময়



উত্তরার দিয়াবাড়ীতে মাইলস্টোন স্কুল অ্যাড কলেজের অভিভাবকরা যুদ্ধবিমান বিধ্বন্তের ঘটনায় সিসি ক্যামেরার ফুটেজ দেখার দাবি জানিয়েছেন। তারা একই সঙ্গে স্কুলসহ সব শিক্ষা প্রতিষ্ঠানে কোচিং বাণিজ্য বন্ধসহ ৯ দফা দাবি জানিয়েছেন। গতকাল মঙ্গলবার সকালে দিয়াবাড়ী গোলচত্বরে নিহত ও আহত শিক্ষার্থীদের পরিবারের সদস্যরা মানববন্ধন করেন, সেখানে এসব দাবি উপস্থাপন করা হয়।

তাদের দাবিগুলো হলো সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিত করা, মাইলস্টোনসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে কোচিং বন্ধ করা, সরকারের পক্ষ থেকে নিহত শিশুদের পরিবারকে পাঁচ কোটি টাকা করে ক্ষতিপূরণ এবং আহতদের জন্য এক কোটি টাকা প্রদান, স্কুল থেকে ক্ষতিপূরণ ও জরিমানা প্রদান, রানওয়ে ও শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান পরিবর্তন, কোচিং ব্যবসার মূল হোতা শাখা প্রধান শিক্ষক খাদিজা মিসকে অপসারণ ও বিচার, স্কুলের সিসি ক্যামেরার ফুটেজ প্রদর্শন, জনহীন এলাকায় বিমানবাহিনীর প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং অভিভাবকের সঙ্গে হাতাহাতি করা শিক্ষককে অপসারণ।

নিহত শিক্ষার্থী মারিয়াম উম্মে আফিয়ার মা উম্মে তামিমা আক্তার বলেন, স্কুলে কোচিং না করলে শিক্ষকরা আদর করত না, সে কারণে আমার মেয়ে কোচিংয়ে যেতে আগ্রহী ছিল। কোচিংয়ে যাওয়ার জন্য শিক্ষার্থীদের ওপর ব্যাপক চাপ থাকে এবং পরীক্ষায় তালো ফলাফলের জন্য অনেক শিক্ষক মানসিক চাপ দিয়ে কোচিং করাতে বাধ্য করেন।

অন্যদিকে নিহত বোরহান উদ্দীন বানীর বাবা মোহাম্মদ আবু শাহীন বলেন, শিক্ষকরা বলেন, আপনার সন্তান ভালো পড়তে পারে না, তাই কোচিং করাতে হবে। তার ছেট ছেলেকেও কোচিংয়ে ভর্তি করানোর জন্য চাপ দেওয়া হচ্ছে।

কোচিং ব্যবসার মূল হোতা শাখাপ্রধান খাদিজা মিসকে ৭২ ঘণ্টার মধ্যে অপসারণের দাবি জানান অভিভাবকরা। তারা অভিযোগ করেন, স্কুল কর্তৃপক্ষ ও শিক্ষকরা তাদের সঙ্গে যোগাযোগ না করে মানববন্ধনে শিক্ষার্থীদের ডেকে নিয়ে গেছে। মানববন্ধনে এক অভিভাবকের গায়ে হাত তোলার ঘটনায় অভিযুক্ত শিক্ষককে অপসারণের দাবি করা হয়েছে।

এদিকে এক বিবৃতিতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ দাবি করেছে, কোচিংয়ের জন্য কোনো জোর বা বাধ্যতা নেই। বিমান দুর্ঘটনার সময় শিক্ষার্থীরা ক্লাস শেষে খেলাধূলা ও আড্ডায় ছিল। ক্যাম্পাসে কোনো ঝুঁকি নেই এবং ইতোমধ্যে বিমান নিরাপত্তা বিশেষজ্ঞরা ক্যাম্পাস নিরাপদ বলে মত দিয়েছেন। কলেজ কর্তৃপক্ষ গুজব ও অপতথ্য প্রচার থেকে সতর্ক থাকার অনুরোধ জানিয়েছে।